

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৫৯৫৬.০০০.০১.০০২.- ১১৫২

তারিখঃ ২০ অক্টোবর, ২০২০ খ্রি।

মুন্সীগঞ্জ সদর উপজেলা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক ৫ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০-২০২১ উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : বুবায়েত হায়াত শিপলু
উপজেলা নির্বাহী অফিসার
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।

সভার তারিখঃ ২০/১০/২০২০ খ্রি.
সময় : ১১.০০ ঘটিকা
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের উদ্যোগে প্রযুক্তি মন্ত্রণালয় বিগত ৩০/০৯/২০২০ তারিখের স্মারক নং-৩৯.০৩.০০০০.০০৬.৩৫.০০১.১৭.২০২০ পাঠ করে শুনান। উপস্থিত সকলে আলোচনায় অংশ নেন। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ০১ : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের উদ্যোগে উপজেলা পরিষদ মিলনায়তনে ৫ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের উদ্দেশ্যে ২৭/১০/২০২০ খ্রি. তারিখে রোজ মঙ্গলবার ২.০০ ঘটিকায় বিজ্ঞান মেলা উদ্বোধন এবং ২৮/১০/২০২০ রোজ বুধবার মেধা যাচাই পরীক্ষাসহ বিজয়ী অংশগ্রহনকারীদের পুরস্কার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ০২ : মাধ্যমিক ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জুনিয়র গ্রুপ এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সিনিয়র গ্রুপ হিসাবে বিবেচনা করা হবে। প্রতি শিক্ষা প্রতিষ্ঠান হতে অনধিক ৫(পাঁচ) জন অংশগ্রহন করতে পারবে।

সিদ্ধান্ত ০৩ : প্রতিযোগিতায় প্রশ্নপত্র এমনভাবে প্রনয়ন করতে হবে যাতে অংশগ্রহনকারীগণ এক শব্দে বা ১ লাইনে উত্তর দিতে পারে। প্রতিযোগিতায় পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, গণিত এবং আইসিটি ৫(পাঁচ)টি বিষয়ে ১০০টি (সকল বিষয় সমহারে) প্রশ্ন থাকবে।

স্বাক্ষর


সিদ্ধান্ত ০৪ : ০২(দুই) গ্রুপে ১০ জন বিজয়ী শিক্ষার্থী জেলা পর্যায়ে অংশ গ্রহন করতে পারবে।

সিদ্ধান্ত ০৫ : উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ও উপজেলা প্রানিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, প্রশ্নপত্র তৈরী করবেন এবং ২৫/১০/২০২০ তারিখ রবিবার কমিটির নিকট প্রশ্নপত্র জমা দিবেন। কমিটির অন্যান্য সদস্যবৃন্দ প্রশ্নসমূহ চূড়ান্ত করবেন এবং কমিটি সদস্যদের মধ্যে ৫(পাঁচ) জন বিচারকের দায়িত্ব পালন করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটি নিম্নরূপঃ

ক্রমিক নং	কর্মকর্তাদের পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	কমিটিতে পদবী
১	উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর, আহবায়ক মুন্সীগঞ্জ	
২	সহকারী কমিশনার ভূমি	সদস্য
৩	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা	সদস্য
৪	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৫	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
৬	উপজেলা প্রকৌশলী	সদস্য
৭	উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা	সদস্য
৮	উপজেলা প্রানি সম্প্রসারণ কর্মকর্তা	সদস্য
৯	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	সদস্য
১০	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব

পরিশেষে মুন্সীগঞ্জ সদর উপজেলায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক ৫ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


বুঝিয়ে হায়াত শিপলু
উপজেলা নির্বাহী অফিসার
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ

ইমেইল- unomunshiganj@mopa.gov.bd


ফোনঃ ৭৬১১১৩৩

স্মারক নং-৩৭.০২.৫৯৫৯.০০০.৩২.০০১.২০২০-৩২

তারিখঃ ২০ অক্টোবর, ২০২০ খ্রি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

- ১। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, মুন্সীগঞ্জ।
- ৪। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৫।.....কর্মকর্তা, সদস্য, উপজেলা পর্যায়ে ৫ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড কমিটি, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,
.....কলেজ/স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা,
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
- ৭। অফিস কপি।

 ২০.১০.২০২০

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
০১৭২৬৭৭৭১৫৫